

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪১১

পর্ব-২৭: ফিতনাহ (کتاب الْفتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَابِ الْمَلَاحِمِ)

## আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تُقَاتِلُوا قَوْمًا نِعَالُهُمُ الشَّعْرُ وَحَتَّى تُقَاتِلُوا التُّرْكَ صِغَارَ الْأَعْيُنِ حُمْرَ الْوُجُوهِ ذُلْفَ الْأُنُوفِ كَأَنَّ وَجُوهَهُم المَجَانُ المُطْرَقة» . مُتَّفق عَلَيْهِ

متفق عليہ ، رواہ البخار*ی* (2928) و مسلم (62، 66 / 2912)، (7310 و 7311 و 7312 و 7313 و 7314) ۔

(مُتَّفق عَلَيْهِ)

#### বাংলা

৫৪১১-[২] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ততদিন পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না, যতদিন না তোমরা পশমের জুতা পরিধানকারী এক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে এবং যতক্ষণ না তোমরা তুর্কীদের বিরুদ্ধে যুদ্ধ করবে, যারা ছোট চক্ষু, লাল চেহারা, চ্যাপ্টা নাকবিশিষ্ট, তাদের মুখমগুল হবে পরতে পরতে ভাঁজ করা চামড়ার ঢালের মতো। (বুখারী ও মুসলিম)

# ফুটনোট

সহীহ: বুখারী ২৯২৯, মুসলিম ৬২-(২৯১২), আবূ দাউদ ৪৩০৪, সহীহুল জামি ৭৪১৩, তিরমিয়ী ২২১৫, ইবনু মাজাহ ৪০৯৬, মুসান্নাফ আবদুর রায্যাক ২০৭৮২, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭৩৫২, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ১১০০, মুসনাদে বা্যার ৭৮০৩, মুসনাদে আহমাদ ১০১৫৫, আবূ ইয়া'লা ৫৮৭৮, আল মুসতাদরাক লিল হাকিম ৮৪৭০, আস সুনানুল কুবরা লিল বা্য়হাকী ১৯০৬৪।



### ব্যাখ্যা

ব্যাখ্যা : এ সব কিছু নবী (সা.) -এর মু'জিযাহ, ঐ সকল তুর্কীদের সাথে যুদ্ধের সময় নবী (সা.)-এর বর্ণনাকৃত সমস্ত গুণাবলি তাদের মাঝে পাওয়া গেছে, যেমন: তাদের ছোট ছোট চোখ, চেহারা লাল বর্ণ, চ্যাপ্টা নাক, গোলাকার মুখমণ্ডল যেন তাদের মুখমণ্ডল পেটানো চ্যাপ্টা ঢালের ন্যায়, তারা লোমের তৈরি জুতা পরবে। আমাদের যামানায় নবী (সা.)-এর দেয়া তাদের ব্যাপারে সমস্ত গুণাবলি মুসলিমগণ পেয়েছেন। মুসলিমগণ তাদের সাথে একাধিকবার যুদ্ধ করেছেন এবং তাদের (তুর্কীদের) যুদ্ধ এখনও চলমান রয়েছে। আল্লাহ তাআলার কাছে মুসলিমদের জন্য উত্তম প্রতিদান কামনা করছি। (শারহুন নাবাবী ১৮/৩৯৬ পৃ., হা. ২৯১২)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন